

63/1 (SEM-4) BEN HC 4106 (CC 10)

2022

BENGALI

Paper : CC-10

(World Literature)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো : ১×৬=৬

(ক) 'ম্যাকবেথ' কী ধরনের রচনা?

- (i) ট্রাজেডি
- (ii) কমেডি
- (iii) ঐতিহাসিক
- (iv) কাব্য

(খ) কালিদাসের 'শকুন্তলা' নাটকটি

- (i) ৫ অঙ্কের
- (ii) ৬ অঙ্কের
- (iii) ৭ অঙ্কের
- (iv) ৮ অঙ্কের

(গ) টোবা টেক সিং-এর প্রকৃত নাম

- (i) বিশন সিং
- (ii) তারা সিং

(iii) মহম্মদ আলী

(iv) টেক বাহাদুর

(ঘ) 'মাছ ও মানুষ' গল্পে কোন্ উৎসবের উল্লেখ আছে?

(i) মাঘ বিহু

(ii) রঙালী বিহু

(iii) কাঙালী বিহু

(iv) গোরু বিহু

(ঙ) নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি লক্ষ্মীনাথ বেজবরুয়ার রচনা?

(i) 'ময়না'

(ii) 'কারেঙর লিগিরী'

(iii) 'বুড়ী অহির সাধু'

(iv) 'ব্যর্থতার দান'

(চ) প্রথম বড়ো ভাষার পত্রিকা কোনটি?

(i) 'আলংবার'

(ii) 'জেনথোখা'

(iii) 'বিবার'

(iv) 'নায়ক'

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) শকুন্তলার দুজন সহচরীর নাম লেখো।

(খ) "বিল তো নয়, এ যেন এক সাগর।"—কোন্ গল্পের অন্তর্গত? বিলের নাম কী?

(গ) "শাহের থেকে তো রোজই নিস, কিন্তু আমার হাত থেকে আর কবে পাবি? চল আজ নিয়ে নে!"—কে, কাকে একথা বলেছে?

(ঘ) "তুমি উঁচুজাত, ও হচ্ছে নীচুজাত, শয়তান, একটা আন্ত বাঁদর!" এখানে কোন্ দুজনের কথা বলা হয়েছে?

(ঙ) বড়ো সাহিত্যের প্রথম পর্যায়ের নাম কী? এর সময়কাল লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) :

৫×৬=৩০

(ক) "এবার ডাকিনীরা মানুষের কণ্ঠে বলল..."—ডাকিনীরা ম্যাকবেথকে কী বলেছিল, লেখো।

(খ) ম্যাকডাফ সম্পর্কে একটি টীকা প্রস্তুত করো।

(গ) ম্যাকবেথের রাজ্যাভিষেকের বর্ণনা দাও।

(ঘ) খিসুর স্মৃতিপটে বিয়েবাড়ির ভোজের যে চিত্র ভেসে উঠেছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(ঙ) "যেন বড় বড় দুটি অঙ্গুর কুণ্ডলী পাকিয়ে পড়ে রয়েছে। আর ওদিকে বুথিয়া তখনো কাतरাচ্ছে।" "দুটি অঙ্গুর" বলতে কাদের ইঙ্গিত করা হয়েছে? তাদের প্রকৃতি কীরকম ছিল?

(চ) "পুরুষ-শাসিত সমাজে কীভাবে নারী প্রতিবাদের তীর স্থলিঙ্গেই ফিরে আসে 'দুই নারী' গল্পে তা প্রকাশিত।" মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

(ছ) টীকা লেখো :

বরগীত অথবা বৈশাণ্ড

(জ) টীকা লেখো :

নাট্যকার জ্যোতিপ্রসাদ আগরওয়ালার অথবা
কবি প্রমোদচন্দ্র ব্রহ্ম

(ঝ) বড়ো ভাষায় রচিত প্রথম উপন্যাসের নাম কী? এটি
কার লেখা ও কত সনে প্রকাশিত হয়? উপন্যাসটির
বিষয়বস্তু কী ছিল?

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) :

১০×২=২০

(ক) লেডী ম্যাকবেথের চরিত্রটি আলোচনা করো।

(খ) “আধুনিক ভারত গড়ে তোলার পেছনে যাদের অবদান
কখনো ভোলার নয়, আমাদের গ্রামের নাপিত চাঁদু
তাদের অন্যতম।” উক্ত বিবৃতির আলোকে নাপিতের
ট্রেড ইউনিয়ন গড়ে ওঠার ইতিবৃত্ত লেখো।

(গ) “লক্ষ্মীনাথ বেজবরুয়া অসমীয়া ছোটগল্পের জনক।”
মন্তব্যটির যৌক্তিকতা লেখো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১৪

(ক) দেশভাগের গল্পের আলোকে ‘টোবা টেক সিং’ গল্পের
যথার্থতা বিশ্লেষণ করো।

(খ) অসমের সমাজ ও সাহিত্যে শ্রীমন্ত শঙ্করদেবের অবদান
সম্পর্কে লেখো।
